

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
প্রশাসন-৩ শাখা।

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০৩.১৭.০২০.২০১২ / ৩৭৩

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২২
০৮ জুন ২০১৫

বিষয়ঃ মুক্তিযোদ্ধা/পোষ্য কোটায় চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদপত্র যাচাই/প্রত্যয়ন।

মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের চাকুরীতে নিয়োগসহ তাঁদের কোটা সংরক্ষণের জন্য মুক্তিযোদ্ধাগণের মুক্তিযোদ্ধা সনদ প্রত্যয়ন করা প্রয়োজন হয়। এতদবিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৯-০৫-২০১১ খ্রিস্টাব্দ তারিখের পরিপত্র নম্বর- ০৫.১৭০.০২২.০৭.০১.০১৪.২০১১-১৮১ এর ২(ঘ) অনুচ্ছেদে এ মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে যে:-

“চূড়ান্ত নির্বাচনের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সকল সার্টিফিকেটের মূল কপি যাচাই করিয়া সত্যতা সম্পর্কে সুনিশ্চিত হইবেন”।

এ মর্মে লক্ষ্য করা যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপরের নির্দেশনার মর্মার্থ সম্পর্কে যথাযথ অনুধাবন না করে কোন কোন নিয়োগকারী কর্তৃপক্ষ মুক্তিযোদ্ধা ও পোষ্য কোটায় প্রাপ্ত সকল আবেদনসমূহ প্রাপ্তির পর তা যথাযথ প্রক্রিয়ায় নিয়োগ পরীক্ষা গ্রহণক্রমে চাকুরীতে নিয়োগের জন্য চূড়ান্তভাবে বাছাই/সুপারিশ করার পূর্বেই প্রাপ্ত সকল মুক্তিযোদ্ধা/পোষ্য কোটার আবেদনপত্র/সনদ যাচাইয়ের জন্য এ মন্ত্রণালয়ে প্রেরণ করে থাকেন। এ কারণে বিপুল সংখ্যক সনদ যাচাইয়ের জন্য দীর্ঘ সময় ক্ষেপণ হয়। ফলে অনেকক্ষেত্রেই চাহিদামতো তথ্য প্রদান করা সম্ভব হয় না। এমনকি কোন কোন ক্ষেত্রে নিয়োগের ছাড়পত্রের মেয়াদ অতিক্রান্ত হওয়ার মতো পরিস্থিতি সৃষ্টি হয়।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্য কোটায় নিয়োগের ক্ষেত্রে “কেবলমাত্র চূড়ান্তভাবে মনোনীত/সুপারিশকৃত প্রার্থীর” মুক্তিযোদ্ধা সনদ যাচাইয়ের জন্য নিম্নের ছক মোতাবেক তথ্য এ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(সাজিরা জামান)

সিনিয়র সহকারী সচিব
টেলিফোন : ৯৫৮৮২২৭

sasattestation@molwa.gov.bd

সংযুক্তি:

- ১। জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নম্বর- ০৫.১৭০.০২২.০৭. ০১.০১৪.২০১১-১৮১ তারিখ: ০৯-০৫-২০১১ খ্রিস্টাব্দ
- ২। নির্ধারিত ছক (কপি সংযুক্ত)

বিতরণঃ (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব
মন্ত্রণালয়/বিভাগ
- ৪। বিভাগীয় কমিশনার (সকল)
- ৫। জেলা প্রশাসক (সকল)